

স্নাতক শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির টাকা প্রদান

■ **সমকাল ডেস্ক**
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট রোববার সারাদেশে স্নাতক শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির টাকা বিতরণ করেছে। প্রতিনিধিদের পাঠানো খবর:

ভালুকা (ময়মনসিংহ): উপজেলার দুই ডিগ্রি কলেজ ও চারটি ফাজিল মাদ্রাসার ৫১৭ শিক্ষার্থীর মধ্যে প্রায় ২৬ লাখ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে। ভালুকা ডিগ্রি কলেজে স্থানীয় সংসদ সদস্য অধ্যাপক ডা. এম আমানউল্লাহ শিক্ষার্থীদের মধ্যে এ উপবৃত্তির অর্থ প্রদান করেন। আবদুর রউফের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন গোলাম মোস্তফা ডা. একেএম মেজবাহ উদ্দিন, রফিকুল ইসলাম পিন্টু প্রমুখ।

সখীপুর (টাঙ্গাইল): সখীপুর আবাসিক মহিলা কলেজ মিলনায়তনে উপজেলার ২২৬ শিক্ষার্থীর মধ্যে ১১ লাখ সাত হাজার ৪০০ টাকা বিতরণ করা হয়। অধ্যক্ষ রেনুবার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে উপবৃত্তি তুলে দেন উপজেলা চেয়ারম্যান শওকত শিকদার। এ সময় উপস্থিত ছিলেন মেয়র আবু হানিফ আজাদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মফিজুল ইসলাম, মুজিব কলেজের অধ্যক্ষ মানিক লাল ভৌমিক প্রমুখ।

তিতাস (কুমিল্লা): উপজেলা পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে মোট ৩৬ জন ছাত্রছাত্রীকে জনপ্রতি চার হাজার ৯০০ টাকা করে উপবৃত্তি বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. সালাউদ্দিন সরকার, বিশেষ অতিথি ছিলেন ইউএনও মোসাম্মৎ সামিহা ফেরদৌসী। উপজেলা মাধ্যমিক কর্মকর্তা মোসাম্মৎ আনোয়ারা চৌধুরীর সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন সদর ইউপি চেয়ারম্যান মো. মোশারফ হোসেন সরকার, ব্যবসায়ী মো. আমির হোসেন প্রমুখ।

প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. আইয়ুব আলী। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহ মাহবুবুল হক, উপজেলা নারী ভাইস চেয়ারম্যান সেলিনা আক্তার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বদরুন্নাহার ইয়াছমিন প্রমুখ।

কালিয়াকৈর (গাজীপুর): জাতির পিতা বঙ্গবন্ধু ডিগ্রি কলেজে উপবৃত্তির টাকা বিতরণ করা হয়েছে। অধ্যক্ষ এসএম খালিদ হোসেনের সভাপতিত্বে উপবৃত্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএনও হাবিবুর রহমান। অন্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শওকত আকবর খান, সহকারী মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. নাদির আহম্মদ প্রমুখ।

করিমগঞ্জ (কিশোরগঞ্জ): উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে করিমগঞ্জ মহাবিদ্যালয়ে এক অনুষ্ঠানে উপবৃত্তির চেক বিতরণ করা হয়। ২৩০ শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তির ১১ লক্ষাধিক টাকা বিতরণ করা হয়। অধ্যক্ষ মুক্তার হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ইউএনও আবুল কাশেম মুহাম্মদ শাহীন, দিলোয়ারা বেগম, অধ্যক্ষ হাবিবুর রহমান, একেএম ফজলুল হক, শাহজাহান সাজু প্রমুখ।

নেত্রকোনা: দুর্গাপুর উপজেলা পরিষদ মিলনায়তনে সুসং মহাবিদ্যালয় ও দুর্গাপুর মহিলা কলেজের ৬৩৫ ছাত্রীর মধ্যে উপবৃত্তি প্রদান করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন স্থানীয় এমপি ছবি বিশ্বাস। মো. কামাল পারভেজের সভাপতিত্বে বক্তব্য রাখেন- মো. এমদাদুল হক খান, অধ্যক্ষ ড. ভবানী সাহা, দেলোয়ারা বেগম, উপজেলা কৃষক লীগ সভাপতি আবদুল্লাহ হক, মো. নাসির উদ্দিন, একে এম ইয়াহিয়া প্রমুখ।

স্বাক্ষর: ...